

প্রেক্ষাপট ও উদ্দেশ্য


বর্তমান সরকারের গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী ২০৪১ সালে বাংলাদেশ উন্নত দেশে উন্নীত হওয়ার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। উন্নত দেশে পদার্পনের এই অগ্রযাত্রায় মানুষের নিরাপদ আমিষ গ্রহণের চাহিদাও বেড়ে যাবে। এই লক্ষ্য পূরণে গৃহীত কার্যপদ্ধতির আলোকে বিদ্যমান গতানুগতিক খামার ব্যবস্থাপনার আমূল পরিবর্তন করে ডিজিটাল ও প্রযুক্তি নির্ভর খামার ব্যবস্থাপনার কোন বিকল্প নেই। একটি দুগ্ধ খামার লাভবান হওয়ার মূলনীতি হচ্ছে বছরে একটি গাভী থেকে একটি বাচ্চা উৎপাদন। কিন্তু অধিকাংশ সময় খামারীগণ গাভীর গরম হওয়া, প্রেগনেসী ডায়াগনোসিস, বাচ্চার দুগ্ধ ছাড়ানোর সময় ও গাভীর বাচ্চা প্রদানের সঠিক সময় নির্ধারণ করতে পারেনা। এছাড়াও নির্ধারিত সময়ে টিকা ও কৃমিনাশক প্রদান এবং খামারে নির্দিষ্ট প্রাণীর উৎপাদিত দুগ্ধের সঠিক তথ্য ব্যবস্থাপনার অভাবে খামারের লাভ ক্ষতির হিসাব ব্যবস্থাপনা সঠিক হয়না। অধিকন্তু, বর্তমানে দেশের আর্থসামাজিক প্রেক্ষাপট বিবেচনায় দুগ্ধ খামার প্রতিষ্ঠা একটি লাভজনক ব্যবসায়িক কর্মকাণ্ডে রূপান্তরিত হয়েছে ফলে অধিকাংশ ক্ষেত্রে ব্যবসায়ী, চাকুরিজীবী সহ নানা শ্রেণী পেশার মানুষ এই পেশার সাথে সম্পৃক্ত হচ্ছে। কিন্তু, অধিকাংশ ক্ষেত্রে খামারী/উদ্যোক্তাগণ নিয়মিত খামারে পরিদর্শন করতে না পারার কারণে তাদের খামারের প্রজনন ব্যবস্থাপনা সঠিক হয়না যা তাদের খামারে লোকসানের অন্যতম কারণ। ফলে নির্ধারিত সময়ে প্রজনন করতে না পারার কারণে বছরে একটি গাভী থেকে একটি বাচ্চা পাওয়ার কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন করা সম্ভব হয়না, যা খামারের কম বাচ্চা উৎপাদন ও খামারীর আর্থিক লোকসানের অন্যতম কারণ। সামগ্রিক বিষয় বিবেচনায় নিয়ে একটি আধুনিক ও প্রযুক্তি নির্ভর প্রজনন ব্যবস্থাপনার লক্ষ্যে “বিএলআরআই ব্রিডিং ম্যানেজার” নামে একটি মোবাইল এপ্লিকেশন উদ্ভাবন করা হয়েছে, যা ব্যবহার করে সঠিক প্রজনন ও তথ্য ব্যবস্থাপনার মাধ্যমে খামারে অধিক বাচ্চা উৎপাদন করা সম্ভব

“বিএলআরআই ব্রিডিং ম্যানেজার”মোবাইল অ্যাপসের উপযোগীতাঃ

- দুগ্ধ খামারী স্বয়ংক্রিয় ভাবে গাভীর গরম হওয়া, প্রেগনেসী ডায়াগনোসিস, বাচ্চার দুগ্ধ ছাড়ানোর তারিখ ও গাভীর বাচ্চা প্রদানের সম্ভাব্য তারিখ সম্পর্কে মোবাইলে পূর্ব অবহিত হতে পারবে।
- খামারের সকল গাভীর তথ্য মোবাইলে থাকার কারণে খামারী তার কর্মস্থলে থেকেই খামারের প্রজনন ব্যবস্থাপনা নিয়ন্ত্রন করতে পারবে।
- খামারের সকল প্রাণীর ছবিযুক্ত ডিজিটাল বায়োডাটা তৈরী করা যায়, ফলে যে কোন সময় যে কোন প্রাণীর পারফরমেন্স অতি সহজেই নির্নয় করা যায়
- নির্ধারিত সময়ে টিকা ও কৃমিনাশক প্রদানের সংক্রিয় এলার্ম প্রদানের মাধ্যমে খামারের প্রাণীর সঠিক স্বাস্থ্য ব্যবস্থাপনায় ভূমিকা রাখে।
- অনলাইন ডাটা ব্যাকআপ থাকায় মোবাইল হারিয়ে গেলে,নষ্ট হলে বা পরিবর্তন করলে তথ্য হারানোর সুযোগ নেই

“বিএলআরআই ব্রিডিং ম্যানেজার”মোবাইল অ্যাপসের কার্যপদ্ধতি


- নাম/নম্বর/ছবি দিয়ে গাভী নিবন্ধন ও ডিজিটাল ডাটাবেইজ তৈরী
- মোবাইলে ব্রিডিং ক্যালেন্ডার দেখে গাভীর প্রজনন অবস্থা জেনে নেয়া
- খামারে গাভীর নির্দিষ্ট প্রজনন অবস্থা পর্যবেক্ষণ করা
- গাভীর প্রজনন অবস্থা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া



রেজিস্ট্রেশন করুন

গরুর তথ্য ও ছবি দিয়ে নিবন্ধন করুন

গরুর তথ্য দেখুন



ব্রিডিং ক্যালেন্ডার দেখুন

কুমি ও টিকার অ্যালার্ম যোগ করুন

দুধের তথ্য যোগ
করুন

উপসংহার

দুগ্ধ খামারে সঠিক প্রজনন ব্যবস্থাপনার জন্য “বিএলআরআই ব্রিডিং ম্যানেজার” মোবাইল অ্যাপস একটি বিজ্ঞানভিত্তিক উদ্যোগ। যদিও দেশে ডেইরী খামারে সল্প পরিসরে বিদেশী প্রযুক্তি নির্ভর প্রজনন ব্যবস্থাপনার পদ্ধতি চালু হয়েছে কিন্তু তা অধিক ব্যয় সাপেক্ষ, ফলে অধিকাংশ খামারীর পক্ষে এই প্রযুক্তি ব্যবহার করা কষ্টসাধ্য। অন্যদিকে অ্যাপসভিত্তিক প্রজনন ব্যবস্থাপনার পদ্ধতি দেশে এটাই প্রথম যা বাংলা ও ইংরেজী উভয় ভাষায় নির্মিত হওয়ায় খামারীরা বিনামূল্যে অতি সহজেই এই অ্যাপস ব্যবহার করে লাভবান হবে।

রচনা ও উদ্ভাবনায়

মোঃ ফয়জুল হোসাইন মিরাজ

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই

মোবাইলঃ ০১৯২৬৫৩৩৬৪২

ই-মেইলঃ miraz.blri@gmail.com

সার্বিক সহযোগীতা ও দিকনির্দেশনায়ঃ ইনোভেশন টিম,
বিএলআরআই

প্রকাশনায়ঃ

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা-১৩৪১

ফোনঃ ৭৭৯১৬৭০-২, ফ্যাক্সঃ ৭৭৯১৬৭৫

ইমেইলঃ dg@blri.gov.bd

বিএলআরআই প্রকাশনা নংঃ

প্রকাশকালঃ মার্চ, ২০২২ খ্রিঃ

প্রথম সংস্করণঃ ২০০০ (দুই হাজার কপি)

বিএলআরআই কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত



বিনামূল্যে ডাউনলোড করতে



BLRI Breeding Manager

“বিএলআরআই ব্রিডিং ম্যানেজার (BLRI Breeding Manager)” - লাভজনক ও ডিজিটাল দুগ্ধ খামার ব্যবস্থাপনার একমাত্র মোবাইল অ্যাপস



বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা-১৩৪১

